# জুলাইয়ের চেতনায় বৈষম্যহীন বাংলাদেশ গড়তে চায় সরকার: মাহদী আমিন




মাহদী আমিন। ছবি: সংগৃহীত

জুলাই গণঅভ্যুত্থানের গণতান্ত্রিক আকাঙ্ক্ষা বাস্তবায়নে সরকার কাজ করছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন। তিনি বলেন, জুলাইয়ের আন্দোলন কোনো দল বা নির্দিষ্ট আদর্শের ছিল না; কৃষক, শ্রমিক, শিক্ষার্থীসহ সর্বস্তরের মানুষের অংশগ্রহণে এটি একটি গণআন্দোলনে রূপ নেয়।

মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) আন্তর্জাতিক গণতন্ত্র দিবস উপলক্ষে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) কার্যালয়ে আয়োজিত 'গণতন্ত্র, মানবাধিকার ও জবাবদিহিমূলক সরকার ব্যবস্থা' শীর্ষক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন।

মাহদী আমিন বলেন, দীর্ঘ সময় পর দেশে গণতান্ত্রিক ও জবাবদিহিমূলক সরকার থাকায় এবার ভিন্ন পরিবেশে গণতন্ত্র দিবস পালিত হচ্ছে। এমন একটি বাংলাদেশ গড়াই সরকারের লক্ষ্য, যেখানে ক্ষমতার উৎস জনগণ এবং মেধা ও যোগ্যতাই হবে সাফল্যের প্রধান মাপকাঠি।

সরকারের বিভিন্ন পরিকল্পনার কথা তুলে ধরে তিনি বলেন, ফ্যামিলি কার্ড, কৃষক কার্ড ও হেলথ কার্ডের পাশাপাশি তরুণ ও নারীদের স্বাবলম্বী করতে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি উদ্যোগ নেওয়া হয়েছে।

বিদ্যুৎ ও জ্বালানি সংকট প্রসঙ্গে মাহদী আমিন বলেন, ১৭ বছরের জমে থাকা সমস্যা রাতারাতি সমাধান করা সম্ভব নয়। তবে এ খাতে সরকারের ছয় মাস, দুই বছর ও পাঁচ বছরের পরিকল্পনা রয়েছে।

টিআইবিসহ সুশীল সমাজের সংগঠনগুলোকে সরকারের কার্যক্রম পর্যবেক্ষণে ওয়াচডগের ভূমিকা চালিয়ে যাওয়ার আহ্বান জানান তিনি। যৌক্তিক সমালোচনা ও গঠনমূলক পরামর্শকে সরকার স্বাগত জানায় বলেও উল্লেখ করেন মাহদী আমিন। প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে অন্তর্ভুক্তিমূলক, স্বনির্ভর ও বৈষম্যহীন বাংলাদেশ গঠনে সবাইকে একসঙ্গে কাজ করার আহ্বান জানান তিনি।